

অই বেটা গৃহীলোক যশোবন্ত ছেলে।
 ঠাকুর জন্মিবে কেন নমঃশূদ্র কুলে।।
 অতিশয় ভাল লোক ছিল যশোবন্ত।
 তার ঘরে হেন ছেলে বিধির কি কাণ্ড।।
 হরিভক্তি বিলাসাদি থহু নাহি জানে।
 কুকুর-দৃষ্ট-নৈবেদ্য খায় সে কারণে।।
 না করে আহ্নিক স্নান নাহি জপমালা।
 কুকুর লইয়া খায় বেশ করে লীলা।।
 মেয়ে মর্দে এক সাথে মিশিয়া সকল।
 তাল নাই মান নাই বলে হরিবোল।।
 আমি গুরু আমার নিকটে না বসিয়া।
 প্রেমে মত্ত যত মূর্খ কাহাকে লইয়া?'
 বুধই কহিছে 'হারে পোঁদা গুরু পাল।
 ডাকিলে পড়ে না আর বেল কলা তাল।।
 তুমি হও শূদ্র জাতি কায়স্থের কুলে।
 গুরুযোগ্য নও গুরু অধিকারী ছেলে।।
 গুরু দেখি ভক্তি নাহি হয় শিষ্য মনে।
 শূদ্রের অবজ্ঞা হয় দেখিয়া ব্রাহ্মণে।।
 হাড়ি মুচি জোলা দেখে ভক্তির উদয়।
 গুরু কি শিষ্যের দোষ বুঝিলেই হয়।।
 থস্থে কহে অবৈষ্ণব গুরু কর্তে নাই।
 আমাদের ভাগ্যদোষে ঘটয়াছে তাই।।
 'বিষ্ণুর্জনাতি বৈষ্ণব' বলে জ্ঞানীজনে।
 নিন্দাকর সাক্ষাতে পাইয়া জনার্দনে।।
 রাজসূয় যজ্ঞে কি করিল যদুবীর।
 মুচি রাম দাস পূজা কৈল যুধিষ্ঠির।।
 যজ্ঞে এল মুনিঋষি ব্রাহ্মণ প্রধান।
 সবার উপরে মুচিরামের সম্মান।।
 শ্রীরঘুনাথের খুড়া বুড়া কালিদাস।
 ঝড়ু ভুঁইমালীর উচ্ছিষ্ট কৈল থাস।।
 কুবের জোলায় ছেলে তাঁত বুনে বৈসে।
 কৃষ্ণের গলায় মালা পরায় মানসে।।

নকিম তাহার ছেলে দেখিবারে পায়।
 আরোপেতে দিতেছে মালা কৃষ্ণের গলায়।।
 চূড়ায় ঠেকিয়া মালা ভূমে পড়ে গেল।
 নকিম ডাকিয়া তার পিতাকে বলিল।।
 'বুনো তাঁত ওহে তাত! তবে পা'বে সুখ।
 উঁচু কর হাতখানা আরো এতটুক।।'
 পিতার আরোপ পুত্র আরোপেতে জানে।
 অন্তরে কৃষ্ণ আরোপ হাতে তাঁত বুনে।
 তাহার তোড়ানী যেবা ভক্তি করি খায়।
 হৃদিপদ্মে কালাচাঁদে সেই দেখা যায়।।
 কোনকালে পাল বেটা দেখেছিস তাঁরে?
 গালাগালি দিস্ বেটা মরিবার তরে।।'
 গৃহ হ'তে এক টাকা এনে তাড়াতাড়ি।
 প্রণমি বলেছে 'তুমি শীঘ্র যাও বাড়ী।।'
 বিদায় করিতে তারে হইল উৎকণ্ঠা।
 নাহি গেল বিকালে বাজায় শঙ্খঘণ্টা।।
 দেবলা গোপাল শ্রীবিগ্রহ সেবা করে।
 প্রভু বলে "পাল গুরু সেবা করে কারে।।
 যে গোপালে পূজা করে ওকি তাঁরে চিনে।
 গোপাল উহার পূজা লবে কি কারণে।।
 ঝাঁজ ঘণ্টা শঙ্খ বাজায়েছে সন্ধ্যাকালে।
 তাহা শুনে আমার সর্ব্বাপ্ন যায় জ্বলে।।"
 প্রাতেঃ উঠে মহাপ্রভু ওড়াকান্দী যায়।
 বুধই সাধুজী তার পিছে পিছে ধায়।।
 পথে হাটে আর কহে "অঙ্গ জ্বলে যায়"।
 তাহা শুনি পাল গুরু ফিরে ফিরে চায়।।
 ওড়াকান্দী গিয়া প্রভু হৈল উপনীত।
 ফিরে এল বুদ্ধিমত্ত হ'য়ে দুঃখচিত।।
 গুরুকে প্রণাম করি বিদায় করিল।
 দক্ষিণার টাকা ল'য়ে গুরু গৃহে গেল।।'
 অথহায়ণ মাসেতে এই কার্য হ'ল।
 দৈবযোগে একদিন বিপদ ঘটিল।।